

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ইমেইল: pfmcao@cga.gov.bd
হটলাইন: ০১৩১৬৪৬৪৬৬৫

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

স্মারক নং-সিএও/পিএন্ডএফএম/ডি-হাফ ও ইএফটি সা: আ: প/১৫/৪৪

তারিখ: ১২/১১/২০১৮ খ্রিঃ

বিষয় : শতভাগ পেনশন সমর্পণকারী (১৫ বছরের উর্ধ্ব) পেনশনার যারা ব্যাংক হতে ভাতাদি গ্রহণ করেন তাদের পেনশন পুনঃস্থাপন সম্পর্কে।

সূত্র : (i) ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪.১১৮

তারিখ : ০৮/১০/২০১৮ খ্রিঃ

(ii) সিএও/পিএফএম/ডি-হাফ ও ইএফটি সাঃ আপ/১১/২৭/৪২

তারিখ : ০৭/১১/২০১৮ খ্রিঃ

২। সূত্রস্ব স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সূত্রস্ব ১নং স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ব্যাংক হতে বিষয়ে বর্ণিত পেনশনারগণের পেনশন পুনঃস্থাপন সংক্রান্ত কার্যাবলী নিয়ন্ত্রণাধীন স্ব স্ব হিসাবরক্ষণ কার্যালয় হতে সম্পাদন করতে হবে। সে আলোকে ব্যাংক হতে ডি-হাফস সংগ্রহ করত সূত্রস্ব (ii) নং পত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য সকল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাগণকে অনুরোধ করা যাচ্ছে। উক্ত পেনশনারগণের বকেয়া প্রদানসহ মাসিক পেনশন এ কার্যালয় হতে প্রদান করা হবে।

৩। এ প্রসঙ্গে আরও জানানো যাচ্ছে যে, পুনঃস্থাপিত পেনশনারগণের ডি-হাফস স্ব-স্ব কার্যালয়ে পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত সংরক্ষণ করতে হবে। এছাড়া যে সকল পেনশনার হিসাবরক্ষণ কার্যালয় হতে ভাতাদি গ্রহণ করছেন তাদের ক্ষেত্রে যে হিসাবরক্ষণ কার্যালয় হতে ভাতাদি গ্রহণ করছেন তাদের 'পেনশন পুনঃস্থাপন' (iBAS++ এ) সূত্রস্ব ২নম্বর পত্রের আলোকে সম্পাদন করতে হবে। এ সকল পেনশনারগণের বকেয়া সহ মাসিক পেনশন এ কার্যালয় হতে প্রদান করা হবে।

৪। উক্ত পেনশনারগণের মাসিক পেনশনের বকেয়া ব্যতিত সকল ধরনের বকেয়া ভাতাদি পরিশোধপূর্বক 'পেনশন পুনঃস্থাপন' করতে হবে।

৫। উল্লেখ্য যে, ২ নম্বর সূত্রে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক "ePPo Transfer to CAO, Pension" মেনুটি শুধুমাত্র নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তার iBAS++ আইডিতে পাওয়া যাবে।

স্বাঃ

(শেখ মোহাম্মদ ওমর ফারুক)

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

ইমেইল: pfmcao@cga.gov.bd

স্মারক নং-সিএও/পিএন্ডএফএম/ডি-হাফ ও ইএফটি সা: আ: প/১৫/৪৪

তারিখ: ১২/১১/২০১৮ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, ৭৭/৭ কাকরাইল, অডিট ভবন, ঢাকা
(দু: আ: পিএস টু বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল)
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দু: আ: পিএস টু সচিব, অর্থ বিভাগ)
৩. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৪. অতিরিক্ত সচিব, বাজেট-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (সকল)
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয় (সকল)
৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (সকল)
৮. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (সকল)
৯. অফিস কপি

(শেখ মোহাম্মদ ওমর ফারুক)

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

ইমেইল: pfmcao@cga.gov.bd